জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/৮৫৮ (ক) তারিখঃ ১৫/০৬/২০২০

**সভার নোটিশ**

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১৮/০৬/২০২০ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময় বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। করোনা ভাইরাস কালীন সময়ে গর্ভাবতী মহিলাদের বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।
তি। নিম্ন আয়ের খেটে খাওয়া নারীদের ত্রান সহায়তা প্রদান বিয়য়ে।
৪। বিবিধ।

( শাম্মীম আজিজ )
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.......................................................

.......................................................

**জয়পুরহাট পৌরসভা কার্যালয়**

**জয়পুরহাট।**

**নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা। |
| সভার স্থান | ঃ পৌরসভা মিলনায়তন |
| সভার তারিখ | ঃ ১৮/০৬/২০২০ ইং |
| সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা |
| রোজ | ঃ বৃহস্পতিবার। |

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র. জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

**২নং আলোচ্য বিষয়ঃ করোনা ভাইরাস কালীন সময়ে গর্ভাবতী মহিলাদের বিশেষ যত্ন নেওয়া প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ সভাপতি মহোদয় বলেন, করোনা ভাইরাস কালীন সময়ে গর্ভবতী মহিলাদের বিশেষ যত্ন নেওয়া প্রয়োজন। গর্ভাবস্থায় নারীরা এমনিতেই অনেক মানসিক চাপে থাকেন আবার করোনা ভাইরাসের কারনে তাদের মানসিক চাপ আরো বৃদ্ধি পেয়েছে। তাছাড়া ডাক্তারের পরামর্শ নেওয়ার ক্ষেত্রেও প্রতিবন্ধকতা দেখা দিয়েছে। তাই খাওয়া ঘুমানো থেকে সর্বক্ষেত্রে তাদের সার্বক্ষনিক দেখাশুনার ব্যবস্থা করতে হবে। এই সময় যেহেতু স্বামী বাসায় বেশী থাকেন, তাই তাদের কে স্ত্রীর প্রতি যত্নশীল হতে হবে। তাছাড়া গর্ভবতী মহিলাদের মধ্যে অনেক বিষয়ে প্রশ্ন জাগছে। যেমন সে যদি করোনা পজিটিভ হয়, তাহলে কি তার সন্তানের করোনা পজিটিভ হবে। সে সন্তান হাসপাতালে জন্ম দিতে পারবে কিনা প্রভৃতি। এ প্রসঙ্গে মোছাঃ ফেন্সী আরা বলেন, করোনা ভাইরাসের সময় গর্ভাবস্থায় নারীদের নিরাপদ রাখার জন্য সিভিল সার্জন অফিস হতে পরামর্শ নিয়ে গর্ভবতী মহিলাদের জন্য একটি নির্দেশিকা প্রস্তুত করে শহরে প্রচারনার ব্যবস্থা করা যেতে পারে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ** করোনার সময় গর্ভবতী নারীদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে সিভিল সার্জন অফিস, জয়পুরহাট এর সাথে যোগাযোগ করে একটি নির্দেশনা মূলক লিফলেট প্রস্তুত করে ব্যাপক প্রচারনা চালানোর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**২নং আলোচ্য সূচী ঃ নিম্ন আয়ের খেটে খাওয়া নারীদের ত্রান সহায়তা প্রদান বিয়য়ে।**

**আলোচনা** ঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, শহরে বিভিন্ন পেশার নিম্ন আয়ের খেটে খাওয়া নারী আছে। করোনা ভাইরাসের কারনে তাদের আয়ের পথ বন্ধ হয়ে যাওয়ায়, তারা আর্থিক সংকটে আছে। এসব নারীদের তালিকা প্রস্তুত করে তাদের মধ্যে ত্রান সহায়তা প্রদানের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। আলোচনা কালে মোঃ আবুল মুনছুর মুন্টু, কাউন্সিলর,

ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা ও সদস্য, নারী উন্নয়ন কমিটি বলেন, বিভিন্ন শ্রমিক ইউনিয়ন এর কাছে তাদের সদস্যদের তালিকা আছে। নির্মাণ শ্রমিক ইউনিয়ন, হোটেল কর্মচারী শ্রমিক ইউনিয়ন এরুপ প্রতিটি শ্রমিক ইউনিয়ন থেকে তথ্য সংগ্রহ করে তা হতে আমরা পৌর এলাকার নিম্ন আয়ের কর্মজীবী মহিলাদের তালিকা প্রস্তুত করতে পাররো। বিয়য়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত ঃ** জয়পুঁরহাট পৌরসভাধীন প্রতিটি শ্রমিক সংগঠনের নিকট হতে তালিকা সংগ্রহ করে, তার মধ্যে থেকে নারী শ্রমিকদের নাম সংগ্রহ করে কর্মজীবী মহিলাদের তালিকা প্রস্তুত করে ত্রান সহায়তা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হলো।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

**স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৮৭২** **তারিখঃ** ২৮/০৫/২০২০

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা ।

২। জনাব/জনাবা..............................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা ।

৩। অফিস নথি

(শাম্মীম আজিজ)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা শাম্মীম আজিজ, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১৮/০৬/২০২০ ইং।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১),<br>জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩),<br>জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ আবুল মুনছুর মুন্টু | কাউন্সিলর (সাধারন),<br>ওয়ার্ড নং-৩, জয়পুরহাট<br>পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২),<br>জঃপৌঃসঃ | সভাপতি | |